# চতুর্থ অধ্যায়

## ওয়ার্ড প্রসেসিং

**অধ্যায়ের গুরুত্বপূর্ণ বিষয়গুলো সংক্ষেপে জেনে রাখি**

- লেখালেখির জন্য যে অ্যাপ্লিকেশন সফটওয়্যার তৈরি হয়েছে তার নাম ওয়ার্ড প্রসেসর। ওয়ার্ড প্রসেসর সবার জন্য প্রয়োজনীয় আর খুব জনপ্রিয় একটি সফটওয়্যার হওয়ায় সফটওয়্যারের বড় বড় কোম্পানিই চমৎকার সব ওয়ার্ড প্রসেসর তৈরি করছে।
- ওয়ার্ড প্রসেসরে পুরো মনিটর জুড়ে একটা সাদা কাগজের মতো পৃষ্ঠা খুলে গেলে এবং তার শুরুতে একটা ছোট খাড়া লাইন জ্বলতে–নিভতে থাকলে বুঝতে হবে যে ওয়ার্ড প্রসেসর লেখালেখি করার জন্য প্রস্তুত।
- ওয়ার্ড প্রসেসরে লেখালেখির পর যখন সেটাকে Save করা হয় সেটিকে বলা হয় একটা File। প্রত্যেকটা File-কে একটা নাম দিয়ে Save করা হয়।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ **বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

➲ **পাঠ ১ : ওয়ার্ড প্রসেসর কী?**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. **একসময় ছোট কোনো লেখা মুদ্রণের জন্য কীসের সাহায্য নিতে হতো?** (জ্ঞান)

K কম্পিউটারের L ছাপাখানার
M ওয়ার্ড প্রসেসরের ● টাইপ রাইটারের

২. **সাধারণ লেখালেখি বা টাইপ রাইটারের সাথে ওয়ার্ড প্রসেসরের সবচেয়ে বড় পার্থক্য কোনটি?** (জ্ঞান)

K ওয়ার্ড প্রসেসরে সিনেমা দেখা যায়
L ওয়ার্ড প্রসেসরে লেখালেখি তুলনামূলক কঠিন
● ওয়ার্ড প্রসেসরে এডিটিং বা পরিবর্তন করা যায়
N ওয়াড প্রসেসরে এডিটিং বা পরিবর্তন করা অসম্ভব

৩. **ওয়ার্ড প্রসেসরে সব থেকে সহজ কাজ কোনটি?** (অনুধাবন)

● ভুল শুদ্ধ করা L একটি প্যারাগ্রাফ লেখা
M নতুন লাইন তৈরি করা N কাগজে মার্জিন দেওয়া

৪. **লেখালেখির সাথে ওয়ার্ড প্রসেরের দ্বিতীয় বড় পার্থক্য কোনটি?** (জ্ঞান)

K সংরক্ষণ L সময়
M পদ্ধতি ● এডিটিং

৫. **লেখালেখির জন্য যে অ্যাপ্লিকেশন সফটওয়্যার তৈরি করা হয়েছে তার নাম কী?** (জ্ঞান)

● ওয়ার্ড প্রসেসর L ইন্টারনেট এক্সপ্লোরার
M উইন্যাম্প N পাওয়ার ডিভিডি

৬. **ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে লেখার প্রক্রিয়াকে কী বলে?** (জ্ঞান)

K ইনপুট ওয়ার্ড ● ওয়ার্ড প্রসেসিং
M টাইপিং N ওয়ার্ড রাইটিং

৭. **ওয়ার্ড প্রসেসিং করতে যে সফটওয়্যার ব্যবহৃত হয় তার নাম কী?** (জ্ঞান)

K টাইপ প্রসেসর L টাইপরাইটার
● ওয়ার্ড প্রসেসর N ওয়ার্ড রাইটার

৮. **ওয়ার্ড প্রসেসর ব্যবহারের প্রথম ধাপ কোনটি?** (অনুধাবন)

● লেখালেখি করা
L লেখা সংরক্ষণ করা
M সংরক্ষিত লেখা খুলে কাজ করা
N সংরক্ষিত লেখা মুছে ফেলা

৯. **সুমন তার স্কুলে জমা দেওয়ার জন্য কম্পিউটারে একটি রচনা টাইপ করছে। সে তার কম্পিউটারের কোন অ্যাপ্লিকেশনটি ব্যবহার করছে?** (প্রয়োগ)

K ওয়ার্ড মেকার L ওয়ার্ড রাইটার
M ওয়ার্ড কানেক্টর ● ওয়ার্ড প্রসেসর

১০. **ওয়ার্ড প্রসেসরে লেখালেখির পর তা কীভাবে সংরক্ষণ করা হয়?**

K পেন ড্রাইভে L ফোল্ডার হিসেবে
● ফাইল হিসেবে N ছবি আকারে

১১. **মাইক্রোসফট ওয়ার্ড কারা তৈরি করেছে?** (জ্ঞান)

K আইবিএম কোম্পানি L অ্যাপেল কোম্পানি
● মাইক্রোসফট কোম্পানি N ইউনিক্স কোম্পানি

১২. **ওয়ার্ড প্রসেসর কী ধরনের সফটওয়্যার?** (অনুধাবন)

● অ্যাপ্লিকেশন সফটওয়্যার
L প্রোগ্রামিং সফটওয়্যার
M গাণিতিক সফটওয়্যার
N যৌক্তিক সফটওয়্যার

**১৩. বিনামূল্যে ওয়ার্ড প্রসেসর ব্যবহার করতে চাইলে কোন সফটওয়্যারটি ব্যবহার করতে হবে?** (প্রয়োগ)
K মাইক্রোসফট ওয়্যার
L পাওয়ার ভিডিও
● ওপেন অফিস রাইটার
N ইন্টারনেট এক্সপ্লোরার

**১৪. ওপেন অফিস রাইটার দিয়ে কী ধরনের কাজ করা যায়?**
K গাণিতিক ● লেখালেখির
M চিত্রের N বিশ্লেষণের

**১৫. রাজন তার কম্পিউটারে একটি দরখাস্ত টাইপ করছে। ভুলক্রমে সে যদি কোনো লাইন দুইবার লিখে ফেলে তাহলে কী করবে?**
K একটি নোট দিবে
● লাইনটি মুছে ফেলবে
M লাইনটি বোল্ড করে রাখবে
N লাইনটি আন্ডারলাইন করে রাখবে

**১৬. কাগজ আবিষ্কারের পর মানব সভ্যতার একটা নতুন যাত্রা শুরু হয়েছিল। হাজার বছর পর কাগজ ছাড়া আরেকটা নতুন সভ্যতার যাত্রা শুরু হয়েছে। এর কারণ কী?** (উচ্চতর দক্ষতা)
K উন্নত কাগজ আবিষ্কার
● ওয়ার্ড প্রসেসর আবিষ্কার
M উন্নত কম্পিউটার আবিষ্কার
N উন্নত টাইপ রাইটার আবিষ্কার

**১৭. বিনামূল্যে ব্যবহারযোগ্য মুক্ত সফটওয়্যার কোনটি?**(উচ্চতর দক্ষতা)
K নোটপ্যাড L পেইজস
M অ্যাপ্লিক্স ওয়ার্ড ● ওপেন অফিস রাইটার

**১৮. ওয়ার্ড প্রসেসর মূলত কোন কাজটি করে?** (অনুধাবন)
K ওয়ার্ড সার্চিং ● ওয়ার্ড প্রসেসিং
M ওয়ার্ড ক্রিয়েটিং N ওয়ার্ড সেভিং

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৯. ওয়ার্ড প্রসেসর হলো–** [নওগাঁ জিলা স্কুল]
i. লেখালেখির সফটওয়্যার
ii. অ্যাপ্লিকেশন সফটওয়্যার
iii. হিসাবনিকাশ করার সফটওয়্যার
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে মিজান যে কাজগুলো করতে পারবে–** (প্রয়োগ)
i. লেখালেখি
ii. সংরক্ষণ
iii. এডিটিং
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

**২১. লেখালেখির ক্ষেত্রে টাইপরাইটার অপেক্ষা ওয়ার্ড প্রসেসর ব্যবহার করা অধিক সুবিধাজনক। কারণ এক্ষেত্রে–** (উচ্চতর দক্ষতা)
i. লেখা এডিটিং করা যায়
ii. লেখা স্থায়ীভাবে সংরক্ষণ করা যায়
iii. কি–বোর্ড চেপে লেখা টাইপ করতে হয় না
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. লেখা এডিটিংয়ের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসরের সাথে বড় ধরনের পার্থক্য বিদ্যমান–** (উচ্চতর দক্ষতা)
i. টাইপরাইটারের
ii. সাধারণ লেখালেখির
iii. ওপেন অফিস রাইটার
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. টাইপরাইটারে কিছু একটা লেখার পর যদি কোনো ভুল ধরা পড়ে তাহলে–** (অনুধাবন)
i. ভুলটি শুদ্ধ করা যায়
ii. ভুলটি শুদ্ধ করা যায় না
iii. কাজটি গোড়া থেকে শুরু করতে হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
● ii ও iii N i, ii ও iii

**২৪. ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে কম্পিউটারে লেখলেখি করলে মীরা যে সুবিধাগুলো পাবে–** (প্রয়োগ)
i. লেখা বিভিন্নভাবে সাজাতে পারবে
ii. লেখা স্থায়ীভাবে সংরক্ষণ করতে পারবে
iii. লেখায় ভুল হলে দ্রুত সংশোধন করতে পারবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

**২৫. মাইক্রোসফট ওয়ার্ড–** (অনুধাবন)

i. মাইক্রোসফট কোম্পানির তৈরি
ii. একটি অ্যাপ্লিকেশন সফটওয়্যার
iii. বিনামূল্যে সংগ্রহ করে ব্যবহার করা যায়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii   L i ও iii   M ii ও iii   N i, ii ও iii

**২৬. লেখালেখি করা যায় –** (প্রয়োগ)
i. মাইক্রোসফট ওয়ার্ডে
ii. মাইক্রোসফট এক্সেলে
iii. ওপেন অফিস রাইটারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii   ● i ও iii   M ii ও iii   N i, ii ও iii

**২৭. হাতে লেখালেখির যেসব সমস্যা ওয়ার্ড প্রসেসর দূর করতে সক্ষম হয়েছে–** (উচ্চতর দক্ষতা)
i. অসুন্দর হাতের লেখা
ii. লেখায় কাটাকাটি হওয়া
iii. একবারে গুছিয়ে লিখতে না পারা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii   L i ও iii   M ii ও iii   ● i, ii ও iii

**২৮. লিখন তার বাবার কম্পিউটারে নিজের লেখা একটা কবিতা টাইপ করল। এই কবিতাটি সে দীর্ঘদিন সংরক্ষণ করতে পারবে–**(প্রয়োগ)
i. সিডিতে
ii. পেনড্রাইভে
iii. হার্ডডিস্ক ড্রাইভে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii   L i ও iii
M ii ও iii   ● i, ii ও iii

**২৯. হাতে লেখা কাগজ সংরক্ষণ করা অসুবিধাজনক, কারণ–**(অনুধাবন)
i. লেখা মুছে যায়
ii. লেখা নষ্ট হয়ে যায়
iii. লেখা কাগজ হারিয়ে যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii   L i ও iii
● ii ও iii   N i, ii ও iii

**৩০. বর্তমানে সফটওয়্যারের সব বড় কোম্পানিই ওয়ার্ড প্রসেসর তৈরি করছে। কারণ ওয়ার্ড প্রসেসর –** (উচ্চতর দক্ষতা)
i. খুব জনপ্রিয় সফটওয়্যার
ii. সবার জন্য প্রয়োজনীয়
iii. কম্পিউটার ব্যবহারের জন্য অপরিহার্য
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii   L i ও iii   M ii ও iii   N i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও :**
জিয়া পরীক্ষায় ভালো নম্বর পাওয়ার জন্য সকল বিষয়ে নিজে নোট তৈরি করে পড়ে। কিন্তু বাংলা পরীক্ষার আগের দিন তার বাংলা নোটটা হারিয়ে যাওয়ায় সে বাংলায় কম নম্বর পেল। তাই সে ঠিক করল তার নোটগুলো কম্পিউটারে কম্পোজ করে সংরক্ষণ করবে।

**৩১. জিয়ার কাজে কোন সফটওয়্যারটি প্রয়োজন হবে?** (প্রয়োগ)
K ওয়ার্ড মেকার   L ওয়ার্ড কানেক্টর
● ওয়ার্ড প্রসেসর   N ওয়ার্ড রাইটার

**৩২. উক্ত সফটওয়্যার ব্যবহার করলে জিয়া নোট তৈরির ক্ষেত্রে যেসব অতিরিক্ত সুবিধা পাবে–** (উচ্চতর দক্ষতা)
i. যেকোনো ভুল দ্রুত সংশোধন করতে পারবে
ii. প্রয়োজনে নোটগুলোতে পরিবর্তন আনতে পারবে
iii. নোটের মান যাচাই করতে পারবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii   L i ও iii
M ii ও iii   N i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও :**
আরিফাদের স্কুল প্রতিবছর ম্যাগাজিন বের করে। ম্যাগাজিনে ছাপানোর জন্য আরিফা তার কম্পিউটারে একটা সুন্দর কবিতা লিখল। তারপর কবিতাটি কম্পিউটারে সংরক্ষণ করে রাখল।

**৩৩. আরিফা তার কবিতাটি কোথায় সংরক্ষণ করেছে?** (প্রয়োগ)
K সিডিতে   ● হার্ডড্রাইভে
M পেনড্রাইভে   N ইন্টারনেটে

**৩৪. উক্ত ডিভাইসটি ছাড়াও আরিফা তার কবিতাটি দীর্ঘদিন সংরক্ষণ করতে পারবে–** (উচ্চতর দক্ষতা)
i. সিডিতে
ii. ওএমআর-এ
iii. পেনড্রাইভে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii   ● i ও iii
M ii ও iii   N i, ii ও iii

## ➲ পাঠ ২ : তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে ওয়ার্ড প্রসেসরের গুরুত্ব ➡

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৫. ভুল বানান খুব সহজে শুদ্ধ করা যায়–** (অনুধাবন)

K দেয়ালে লেখার ক্ষেত্রে

L টাইপরাইটারে লেখার ক্ষেত্রে

● ওয়ার্ড প্রসেসরে লেখার ক্ষেত্রে

N হাতে লেখার ক্ষেত্রে

**৩৬. ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে মূলত কোন কাজটি করা হয়?** (অনুধাবন)

K ছবি আঁকা ● লেখালেখি করা

M গান শোনা N হিসাবনিকাশ করা

**৩৭. কোনো কিছু ওয়ার্ড প্রসেসরে টাইপ করলে–** (অনুধাবন)

K ভুলত্রুটি বেশি হয় L অধিক সময় নষ্ট হয়

● উপস্থাপন ভালো হয় N বুঝতে অসুবিধা হয়

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**৩৮. ওয়ার্ড প্রসেসর দিয়ে–** (অনুধাবন)

i. লেখালেখি করা যায়

ii. ভুল বানান শুদ্ধ করা যায়

iii. প্রয়োজনে ছবি সংযুক্ত করা যায়

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

**৩৯. লেখালেখির জগতে ওয়ার্ড প্রসেসরের গুরুত্ব বৃদ্ধি পাচ্ছে। এর কারণ হলো–** (উচ্চতর দক্ষতা)

i. ওয়ার্ড প্রসেসর দিয়ে লেখা সহজে পরিবর্তন করা যায়

ii. ওয়ার্ড প্রসেসর দিয়ে লেখা দীর্ঘদিন সংরক্ষণ করা যায়

iii. ওয়ার্ড প্রসেসর দিয়ে লেখায় কোনো ভুল থাকে না

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪০. ওয়ার্ড প্রসেসর দিয়ে যেসব কাজ করা যায় –** (প্রয়োগ)

i. লেখা পরিবর্তন

ii. ছবি সংযুক্তকরণ

iii. বানান শুদ্ধকরণ

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪১ ও ৪২নং প্রশ্নের উত্তর দাও :**

রেখা ও শিখা তাদের স্কুল ম্যাগাজিনে ছাপানোর জন্য দুইটি গল্প লিখল। রেখা তার গল্পটি কম্পিউটারে টাইপ করে প্রিন্ট করে জমা দিল। কিন্তু শিখা তার গল্পটি হাতে লিখে জমা দিল। তার লেখায় অনেক কাটাকাটি এবং বানান ভুল থাকায় তার গল্পটি বাদ পড়ে যায়।

**৪১. রেখা তার গল্পটি লিখতে কোনটির সাহায্য নিয়েছে?** (প্রয়োগ)

K উইন্যাম্প L পাওয়ার ভিডিও

● ওয়ার্ড প্রসেসর N ইন্টারনেট এক্সপ্লোরার

**৪২. শিখা যদি তার গল্পটি লেখার ক্ষেত্রে রেখার ব্যবহৃত মাধ্যমটি ব্যবহার করত তাহলে–** (উচ্চতর দক্ষতা)

i. ভুল বানান শুদ্ধ করার সুযোগ পেত

ii. লেখাটি সুন্দরভাবে উপস্থাপন করতে পারত

iii. লেখাটি স্কুল ম্যাগাজিনের সেরা লেখা হতো

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**➲ পাঠ ৩ থেকে ২৮ : ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে নতুন ফাইল খোলা ও লেখা**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**৪৩. আইকন অর্থ কী?** [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ]

K ফোল্ডার L মাউস পয়েন্টার

● ছোট একটি ছবি N এক ধরনের কলম

**৪৪. কম্পিউটার ওপেন হবার পর কম্পিউটারের ডেস্কটপে/মনিটরে যে ছোট ছোট ছবি দেখা যায় সেগুলো কী?** (জ্ঞান)

● আইকন L লেখা M ফাইল N ফোল্ডার

**৪৫. যেকোনো একটি লেখা পড়ে বোঝার চেয়ে–** (অনুধাবন)

● ছবি বোঝা সহজ L ছবি বোঝা কঠিন

M প্রশ্ন করে বোঝা সহজ N শুনে বোঝা সহজ

**৪৬. সব ওয়ার্ড প্রসেসর–** (অনুধাবন)

● মোটামুটি একই রকম L কাজের দিক দিয়ে অভিন্ন

M দামের দিক দিয়ে অভিন্ন N বিনামূল্যে সংগ্রহ করা যায়

**৪৭. কম্পিউটার ব্যবহার করতে কোনটি বেশি প্রয়োজন?** (উচ্চতর দক্ষতা)

● দক্ষতা L শিক্ষা M তথ্য N জ্ঞান

**৪৮. কম্পিউটার চালাতে হলে প্রথমে কী করতে হবে?** (অনুধাবন)

K হার্ডওয়্যার চালু L সফটওয়্যার চালু

M প্রসেসর একটিভ ● কম্পিউটারের পাওয়ার অন

**৪৯. কম্পিউটারের পাওয়ার অন করার পর প্রথমত কে কাজ করা শুরু করে?** (জ্ঞান)

K ব্যবহারকারী ● অপারেটিং সিস্টেম

M সফটওয়্যার N হার্ডওয়্যার

**৫০. কম্পিউটার দিয়ে কাজ করার সময় আমরা যখন মাউস নাড়ি তখন মনিটরেরর পর্দায় একটি চিহ্ন নড়ে। একে কী বলা হয়?** (উচ্চতর দক্ষতা)

K File L Option

● Cursor N Space Bar

৫১. মাউসের সাহায্যে কোনো আইকনের উপর দুইবার ক্লিক করে কোনো কিছু চালু করাকে কম্পিউটারের ভাষায় কী বলে? (অনুধাবন)

● ওপেন L মেনু M কার্সর N ইন্টার

৫২. কম্পিউটারের কোনো প্রোগ্রাম চালু করার জন্য মাউসের কোন দিকের বাটনে ক্লিক করতে হয়? [বাগেরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

K ডান ● বাম M উপর N নিচ

৫৩. কম্পিউটারের যেকোনো প্রোগ্রাম চালু করার জন্য সেই প্রোগ্রামের আইকনের উপর মাউসের কার্সরটি রেখে মাউসের বাম দিকের বাটনটি কয়বার ক্লিক করতে হবে? (প্রয়োগ)

K এক ● দুই M তিন N চার

৫৪. কোনো প্রোগ্রাম চালু হওয়াকে কম্পিউটারের ভাষায় কী বলে? (জ্ঞান)

K অন L এন্টি M স্টার্ট ● ওপেন

৫৫. মাইক্রোসফট ওয়ার্ড একটি– (অনুধাবন)

K হার্ডওয়্যার

L অপারেটিং সিস্টেম

● ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার

N হিসাবনিকাশের সফটওয়্যার

৫৬. বড় হাতের অক্ষর লেখার জন্য কোন কি চাপতে হয়?

● Shift L Control M Alt N Function

৫৭. ইংরেজিতে লেখালেখি করার সময় অক্ষর বড় হাতের বা ছোট হাতের করতে চাইলে মিনাকে কোন কি ব্যবহার করতে হবে? (প্রয়োগ)

K Alt L Enter M Control ● Shift

৫৮. **Shift** কি চেপে ধরে কোনো কিছু লিখলে তা– (অনুধাবন)

● বড় হাতের অক্ষরের হবে

L ছোট হাতের অক্ষরের হবে

M ইটালিক অক্ষরের হবে

N বোল্ড অক্ষরের হবে

৫৯. ওয়ার্ড প্রসেসরে যখন লেখা হয় তখন কার্সরটি কোথায় থাকে? (জ্ঞান)

K লেখার উপরে ● লেখার শেষে

M লেখার প্রথমে N লোখার বামপাশে

৬০. **Cursor** এর পরের অংশ মোছার জন্য কোন কি ব্যবহার করা হয়? (জ্ঞান)

K Alt L Delete

● Control N Backspace

৬১. **Cursor** এর আগের অংশ মোছার জন্য কোন বোতামটি চাপতে হয়?

● Backspace L Enter

M Delete N Space Bar

৬২. কয়টি বিষয় জানা থাকলে ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে সবকিছু লিখে ফেলা সম্ভব? (জ্ঞান)

K তিন L চার ● পাঁচ N ছয়

৬৩. ওয়ার্ড প্রসেসরের লেখালেখি বাঁচিয়ে রাখার জন্য সফটওয়্যারটির কোন অপশনটি ব্যবহার করা হয়? (জ্ঞান)

● Save L Open M Exit N Format

৬৪. ওয়ার্ড প্রসেসর ব্যবহার করার দ্বিতীয় ধাপ হলো– (অনুধাবন)

K লেখা শুদ্ধ করা L লেখা টাইপ করা

M লেখা পরিবর্তন করা ● লেখা সংরক্ষণ করা

৬৫. একটা শব্দ লেখা শেষ হওয়ার পর একটা খালি স্পেস দেওয়ার জন্য কোন কি চাপতে হবে? (জ্ঞান)

K Enter ● Space bar

M Control N Shift

৬৬. কি–বোর্ডের কোন কি'র ব্যবহার ছাড়া কোনো লেখাকে অর্থবোধক করা অসম্ভব? (উচ্চতর দক্ষতা)

K Shift L Alt

M Delet ● Space Bar

৬৭. একটি প্যারাগ্রাফ লেখা শেষ হলে কোন বাটন চাপ দিলে নতুন প্যারাগ্রাফ লেখা শুরু করা যাবে? [ বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ]

K Shift key L Alt

● Enter N Space Bar

৬৮. **File, Edit, View** শব্দগুলো ওয়ার্ড প্রসেসরে কোথায় থাকে? (জ্ঞান)

● উপরের দিকে L নিচের দিকে

M পাশের দিকে N মধ্যখানে

৬৯. মেনুগুলো যেখানে সাজানো থাকে সেই স্থানটিকে কী বলা হয়? (উচ্চতর দক্ষতা)

K টাইটেলবার L মেইন পেইচ

● মেনুবার N এড্রেসবার

৭০. ওয়ার্ড প্রসেসরে লেখার পর যা লেখা হয়েছে তা **Save** করলে তাকে বলে? (জ্ঞান)

K Folder ● File M View N Edit

৭১. প্রত্যেকটা ফাইলকে একটা কী দিয়ে **Save** করা হয়? (জ্ঞান)

K সংখ্যা ● নাম M তারিখ N নির্দেশনা

**৭২. কম্পিউটারের ভাষায় লেখা বাঁচিয়ে রাখাকে কী বলা হয়?**(জ্ঞান)

K Open করা ● Save করা

M Edit করা N Bold করা

**৭৩. File কম্পিউটারের কোথায় সংরক্ষিত থাকে?**

● হার্ডড্রাইভে L র‍্যামে

M রমে N ফ্লাস মেমোরিতে

**৭৪. File মেনুর কোন Option ক্লিক করলে ওয়ার্ড প্রসেসর বন্ধ হয়ে যাবে?** (জ্ঞান)

K Delete M Save

● Exit N View

**৭৫. ওয়ার্ড প্রসেসর ব্যবহারের তৃতীয় ধাপ কোনটি?** (অনুধাবন)

K ওয়ার্ড প্রসেসর চালু করা

L ওয়ার্ড প্রসেসর দিয়ে লেখালেখি করা

M ওয়ার্ড প্রসেসর দিয়ে লেখা সংরক্ষণ করা

● সংরক্ষিত লেখা খুলে পুনরায় কাজ করা

**৭৬. লেখালেখি করার সময় যেটুকু লেখা হয়েছে সেটুকুকে বাঁচিয়ে রাখতে রাজনকে কী করতে হবে?** (প্রয়োগ)

● File এ গিয়ে Save এ ক্লিক করতে হবে

L File এ গিয়ে Open এ ক্লিক করতে হবে

M File এ গিয়ে New এ ক্লিক করতে হবে

N File এ গিয়ে Closs এ ক্লিক করতে হবে

**৭৭. কম্পিউটারে কিছু একটা লেখার সময় Save কমান্ড দেওয়ার আগেই বিদ্যুৎ চলে গেল এবং কিছুক্ষণ পর আবার এলো। এক্ষেত্রে কী ঘটতে পারে?** (উচ্চতর দক্ষতা)

KFile Open করে Save কমান্ড দিলে পরের লেখা ফিরে পাওয়া যাবে

●যেহেতু Save কমান্ড দেওয়া হয়নি পরের লেখাটুকু ফিরে পাওয়া যাবে না

Mসম্পূর্ণ File এর লেখা মুছে যাবে

Nপুরো File টি ডিলিট হয়ে যাবে

**৭৮. সংরক্ষিত ফাইল ওপেন করতে নিচের কোন নির্দেশনাটি অনুসরণ করতে হবে?** (প্রয়োগ)

K File মেনু ∏Start ∏সংরক্ষিত ফাইল ∏Open

● File মেনু ∏Open ∏সংরক্ষিত ফাইল ∏Open

M File মেনু ∏Save ∏সংরক্ষিত ফাইল ∏Open

N File মেনু ∏Open ∏সংরক্ষিত ফাইল ∏Start

**৭৯. Open অপশন পাওয়ার জন্য কোন মেনুতে ক্লিক করতে হয়?** (জ্ঞান)

K Tool L View M Edit ● File

**৮০. File মেনুর কোন Option টি ক্লিক করে আমরা আগের তৈরি করা একটি File খুলতে পারি?** (জ্ঞান)

K View ● Open

M New N Save

**৮১. আগের তৈরি File খুলে সেটাকে নতুন নামে Save করতে File মেনুর কোন Option টিকে ব্যবহার করতে হবে?** (উচ্চতর দক্ষতা)

K Open L New

M Exit ● Save as

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮২. শিক্ষার্থীদের ওয়ার্ড প্রসেসরের ব্যবহার শেখানো খুবই সহজ। কারণ–** (উচ্চতর দক্ষতা)

i. সব ওয়ার্ড প্রসেসর মোটামুটি একই রকম

ii. কম্পিউটার ব্যবহারে তাদের দক্ষতা আছে

iii. ওয়ার্ড প্রসেসর ব্যবহারে তাদের দক্ষতা আছে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮৩. কম্পিউটারের পাওয়ার অন করার পর মনিটরে অনেক আইকন ফুটে ওঠে–** (অনুধাবন)

i. কম্পিউটারের সবকিছু ঠিকঠাক থাকলে

ii. কম্পিউটারের ওয়ার্ড প্রসেসর চালু থাকলে

iii.কম্পিউটার ব্যবহার করার উপযোগী থাকলে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii ● i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮৪. লেখালেখি করার জন্য ব্যবহার করা যায়–** (প্রয়োগ)

i. মাইক্রোসফট ওয়ার্ড

ii. ওপেন অফিস রাইটার

iii. মাইক্রোসফট এক্সেল

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii

M ii ও iii N i, ii ও iii

**৮৫. ওয়ার্ড প্রসেসর লেখালেখির জন্য প্রস্তুত যখন–**(উচ্চতর দক্ষতা)

i. পুরো মনিটরে একটা সাদা কাগজের মতো পৃষ্ঠা খুলবে

ii. একটা ছোট খাড়া লাইন জ্বলতে নিভতে থাকবে

iii.মনিটরের উপর লেখা উঠবে 'write here'

নিচের কোনটি সঠিক?

● i ও ii L i ও iii

M ii ও iii N i, ii ও iii

৮৬. ওয়ার্ড প্রসেসরে লেখালেখি করার ক্ষেত্রে যে বিষয়গুলো জানা থাকলে ব্যবহারকারীর সুবিধা হয়– (উচ্চতর দক্ষতা)

i. মাউসের ব্যবহার

ii. কি–বোর্ডের বিশেষ কয়েকটি কি এর ব্যবহার

iii. কম্পিউটারের বিভিন্ন হার্ডওয়্যারের গঠনকাঠামো

নিচের কোনটি সঠিক?

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৮৭. ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে লেখালেখি করার সময়–(অনুধাবন)

i. Shift Key চাপলে বড় হাতের অক্ষরে লেখা হয়

ii. Enter Key চাপলে নতুন প্যারাগ্রাফ লেখা শুরু হয়

iii. Delete Key চাপলে Cursor এর পরের অংশ মুছে যাবে

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii

M ii ও iii ● i, ii ও iii

৮৮. লেখার অপ্রয়োজনীয় অংশ মুছে ফেলতে যে কি গুলো ব্যবহার করতে হয়–

i. Enter

ii. Delet

iii. Backspace

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

৮৯. ওয়ার্ড প্রসেসর চালু করলে মনিটরের পর্দায় যে সাদা পৃষ্ঠাটি দেখা যাবে তার উপরের দিকে তাকালে যেসব শব্দ দেখতে পাবে–(প্রয়োগ)

i. File ii. Edit

iii. View

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

৯০. কি–বোর্ডের যে কি'গুলো ব্যবহার করে ওয়ার্ড প্রসেসরে কাজ করা হয়– (অনুধাবন)

i. Start

ii. Delete

iii. Control

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

৯১. ওয়ার্ড প্রসেসর প্রোগ্রামটি চালু করতে মাহি– (প্রয়োগ)

i. Cursor ওয়ার্ড প্রসেসরের আইকনের উপর রাখবে

ii. মাউসের বাম বাটনটি দুইবার ক্লিক করবে

iii. মাউসের ডান বাটনটি একবার ক্লিক করবে

নিচের কোনটি সঠিক?

● i ও ii L i ও iii

M ii ও iii N i, ii ও iii

৯২. ওয়ার্ড প্রসেসর বন্ধ করার জন্য যে কাজগুলো করতে হবে – (প্রয়োগ)

i. File মেনুতে যেতে হবে

ii. Edit মেনুতে যেতে হবে

iii. Exit option এ Click করতে হবে

নিচের কোনটি সঠিক?

K i ও ii ● i ও iii M ii ও iii N i, ii ও iii

৯৩. **File** মেনুতে থাকে – (অনুধাবন)

i. Save option

ii. Open option

iii. Font option

নিচের কোনটি সঠিক?

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯৪. ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে কাজ করার সময় শুরু থেকে শেষ পর্যন্ত প্রাথমিকভাবে যে ধাপগুলো পার হতে হয় – (অনুধাবন)

i. নতুন ডকুমেন্ট খোলা

ii. ডকুমেন্ট সেভ করা

iii. ওয়ার্ড প্রসেসর ইনস্টল করা

নিচের কোনটি সঠিক?

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯৫ ও ৯৬নং প্রশ্নের উত্তর দাও :**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহারিক ক্লাসে ইকবাল স্যার ছাত্রছাত্রীদের কম্পিউটারে নিজের নাম, শ্রেণি, রোল, ঠিকানা এবং বিদ্যালয় সম্পর্কে কয়েকটি লাইন কম্পোজ করতে বললেন। রনি তার ঠিকানা লিখতে গিয়ে প্রথমে ভুল করে ফেলল কিন্তু পরে সাথে সাথে ঠিক করে নিল।

৯৫. স্যারের নির্দেশিত কাজটি করতে শিক্ষার্থীরা কোন সফটওয়্যারটি ব্যবহার করেছে? (প্রয়োগ)

K উইন্যাম্প L পাওয়ার ভিডিও

● ওয়ার্ড প্রসেসর N ইন্টারনেট এক্সপ্লোরার

৯৬. রনি তার ভুল ঠিকানাটি শুদ্ধ করে লেখার ক্ষেত্রে যেসব কি ব্যবহার করে থাকতে পারে– (উচ্চতর দক্ষতা)

i. Delete
ii. Control
iii. Backspace

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii ● i ও iii M ii ও iii N i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯৭ ও ৯৮নং প্রশ্নের উত্তর দাও :**

হুমায়ুন রাতে পড়াশোনা শেষ করে তার কম্পিউটারে ওয়ার্ড প্রসেসর প্রোগ্রামটি চালু করল এবং কিছু লেখালেখি করল।

**৯৭. প্রোগ্রামটি চালু করতে হুমায়ুনকে মাউসের ডান বাটনে কয়বার ক্লিক করতে হয়েছে?** (প্রয়োগ)

K এক ● দুই
M তিন N চার

**৯৮. পোগ্রামটি কাজের জন্য প্রস্তুত হলে হুমায়ুন যেভাবে বুঝতে পারবে–** (উচ্চতর দক্ষতা)

i. মনিটরে একটা সাদা পৃষ্ঠা দেখতে পাবে
ii. মনিটরের পৃষ্ঠায় একটা লাইন জ্বলতে–নিভতে থাকবে
iii. মনিটরের পর্দায় 'I am ready' লেখাটি দেখতে পাবে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নোত্তর

প্রণীত প্রশ্নোত্তর

**প্রশ্ন– ১ ▶ ওয়ার্ড প্রসেসর কী? ওয়ার্ড প্রসেসর ব্যবহারের সুবিধাগুলো লেখ।**

**উত্তর :** যে সফটওয়্যার ওয়ার্ড প্রসেস করে সেটাই হচ্ছে ওয়ার্ড প্রসেসর। এটি সবার জন্য প্রয়োজনীয় আর খুব জনপ্রিয় একটা অ্যাপ্লিকেশন সফটওয়্যার।

**ওয়ার্ড প্রসেসর ব্যবহারের সুবিধা :** ওয়ার্ড প্রসেসর মূলত ব্যবহার করা হয় লেখালেখির কাজে। নিচে ওয়ার্ড প্রসেসর ব্যবহারের সুবিধাগুলো হলো :

১. নির্ভুলভাবে লেখালেখির কাজ করা যায়, ভুল হলে সাথে সাথে সংশোধনের সুযোগ পাওয়া যায়।
২. লেখাকে নানাভাবে উপস্থাপন করা যায়। যেমন : লেখার আকার ছোট বড় করা, রঙিন করা, বক্স আকারে উপস্থাপন করা।
৩. লেখার সাথে সংশ্লিষ্ট গ্রাফ, ছবি, টেবিল, চার্ট ইত্যাদি সংযুক্ত করে লেখাকে আরও আকর্ষণীয় করা যায়।
৪. বিভিন্ন মাধ্যম ব্যবহার করে লেখাকে দীর্ঘদিন সংরক্ষণ করা যায়।
৫. একবার লেখা হয়ে গেলে তা প্রয়োজনে যতবার ইচ্ছে প্রিন্ট নেওয়া যায়। লেখার কাজটি বারবার করতে হয়।

**প্রশ্ন– ২ ▶ ওয়ার্ড প্রসেসরে কোন বিষয়গুলো জানা থাকলে সবকিছু লিখে ফেলা সম্ভব?**

**উত্তর :** যেসকল বিষয় জানা থাকলে ওয়ার্ড প্রসেসরে সবকিছু লিখে ফেলা সম্ভব সেগুলো নিম্নরূপ :

i. Shift Key চেপে ধরে লিখলে বড় হাতের অক্ষরে লেখা হবে, না হয় ছোট হাতে।
ii. একটা শব্দ লেখা শেষ হওয়ার পর Space Bar চেপে দিলে একটা খালি Space লেখা হবে।
iii. একটা পুরো প্যারাগ্রাফ লেখা শেষ হলে Enter বাটন চাপ দিলে নতুন প্যারাগ্রাফ শুরু হবে।
iv. যখন লেখা হয় তখন Cursor টি লেখার শেষে থাকে– মাউস নড়িয়ে অন্য জায়গায় নিয়ে গেলে Cursor টিও সেখানে যায়, মাউসটিতে ক্লিক করা হলে সেখান থেকে লেখা শুরু হবে।
v. Delete বোতামটি চাপ দিলে Cursor–এর পরের অংশ মোছা যাবে। Backspace বোতামে চাপ দিলে Cursor–এর আগের অংশ মোছা যাবে।

উপরের পাঁচটি বিষয় জানা থাকলে ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে সবকিছু লিখে ফেলা সম্ভব।

**প্রশ্ন–৩ ▶ টাইপরাইটারের চেয়ে ওয়ার্ড প্রসেসর ব্যবহার করা সুবিধাজনক কেন?** [রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়]

**উত্তর :** টাইপরাইটার হচ্ছে একটি যন্ত্র যা দ্বারা কাগজের উপর লেখা টাইপ করা যায়। আর ওয়ার্ড প্রসেসর হচ্ছে কম্পিউটারে লেখালেখির কাজে বহুল ব্যবহৃত একটি অ্যাপ্লিকেশন সফটওয়্যার। লেখালেখির ক্ষেত্রে টাইপরাইটারের চেয়ে ওয়ার্ড প্রসেসর ব্যবহার করা অধিক সুবিধাজনক। কারণ ওয়ার্ড প্রসেসরে লেখা এডিটিং বা পরিবর্তন করা যায়। টাইপরাইটারে কিছু লেখার পর যদি তাতে কোনো ভুল ধরা পড়ে তাহলে তা কোনোভাবে শুদ্ধ করা যায় না। পুরো লেখাটা আবার গোড়া থেকে টাইপ করতে হয়। কিন্তু ওয়ার্ড প্রসেসরে ভুল শুদ্ধ করার মতো সহজ কাজ আর নেই। শুধু ভুল শুদ্ধ করা নয় ওয়ার্ড প্রসেসরে লেখার যে কোনো অংশ পরিবর্তন করা যায়, পুরাতন অংশ বাদ দেওয়া যায়, নতুন অংশ যোগ করা যায়। এসব সুবিধার কারণেই ওয়ার্ড প্রসেসর টাইপরাইটারের স্থানটি অল্প সময়ের মধ্যেই দখল করে নিতে পেরেছে।

**প্রশ্ন– ৪ ▶ ওয়ার্ড প্রসেসর কীভাবে চালু করতে হয়?**

**উত্তর :** ওয়ার্ড প্রসেসর চালু করার জন্য প্রথমে কম্পিউটারের পাওয়ার অন করতে হয়। কম্পিউটারের বিভিন্ন যন্ত্রপাতিতে যদি ঠিকমতো বিদ্যুৎ সংযোগ দেওয়া থাকে, তাহলে পাওয়ার অন করার সাথে সাথে অপারেটিং সিস্টেম

তার কাজ শুরু করে দেয়। সবকিছু পরীক্ষা করে যদি দেখা যায় সবকিছু ঠিকঠাক আছে এবং কম্পিউটার ব্যবহার করার মতো অবস্থায় আছে, তাহলে মনিটরের পর্দায় বিভিন্ন প্রোগ্রামের আইকন ফুটে ওঠে। সেসব আইকন থেকে ওয়ার্ড প্রসেসরের আইকনটি খুঁজে নিয়ে তার উপর মাউস পয়েন্টার বসাতে হয়। তখন মাউস ওয়ার্ড প্রসেসরের আইকনটি একটু অন্যরকম হয়ে যায়। এ অবস্থায় মাউসের বাম বাটনটি দুইবার ক্লিক করলে ওয়ার্ড প্রসেসরটি চালু হয়ে যায়। ওয়ার্ড প্রসেসর এখন লেখালেখির কাজের জন্য প্রস্তুত– এটা বোঝাতে মনিটরের পুরো পর্দায় একটা সাদা পৃষ্ঠা প্রদর্শিত হয় এবং তার শুরুতে একটা ছোট খাড়া লাইন জ্বলতে–নিভতে থাকে।

**প্রশ্ন– ৫ ▶ ওয়ার্ড প্রসেসর কী? সাধারণ লেখালেখির সাথে ওয়ার্ড প্রসেসরের তুলনামূলক আলোচনা কর।** [তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা]

**উত্তর :** যে সফটওয়্যার ওয়ার্ড প্রসেস করে সেটাই হচ্ছে ওয়ার্ড প্রসেসর। এটি সবার জন্য প্রয়োজনীয় আর খুব জনপ্রিয় একটি অ্যাপ্লিকেশন সফটওয়্যার।

**সাধারণ লেখালেখির সাথে ওয়ার্ড প্রসেসরের তুলনামূলক আলোচনা :** ওয়ার্ড প্রসেসর লেখালেখির কাজের জন্য তৈরি এবং ব্যবহার করা হলেও সাধারণ লেখালেখির সাথে এর কিছু পার্থক্য আছে। সেগুলো নিচে আলোচনা করা হলো :

১. সাধারণ লেখালেখিতে কোথাও কোনো ভুল হলে পুনরায় পুরোটা লিখতে হয় কিন্তু ওয়ার্ড প্রসেসরে খুব সহজে ভুল অংশটুকু শুদ্ধ করে নেয়া যায়।
২. হাতে লেখা কাগজ দীর্ঘদিন সংরক্ষণ করা যায় না। কিন্তু ওয়ার্ড প্রসেসরে লেখালেখি করার পর তা একটা ফাইল হিসেবে হার্ডড্রাইভ, পেনড্রাইভ, সিডি ইত্যাদিতে দীর্ঘদিন সংরক্ষণ করা যায়।

**প্রশ্ন– ৬ ▶ ওয়ার্ড প্রসেসরে কীভাবে লেখাকে বাঁচিয়ে রাখা যায়? ব্যাখ্যা কর।**

**উত্তর :** সাধারণ লেখালেখির সাথে ওয়ার্ড প্রসেসরে একটা বড় পার্থক্য হচ্ছে সংরক্ষণ। অর্থাৎ ওয়ার্ড প্রসেসরে কোনো কিছু লেখা হলে সেই লেখাটাকে দীর্ঘদিন সংরক্ষণ করা বা বাঁচিয়ে রাখা যায়। আর প্রায় সব ওয়ার্ড প্রসেসরেই লেখালেখি বাঁচিয়ে রাখার নিয়ম একই রকম। আমরা যদি ওয়ার্ড প্রসেসরের সাদা পৃষ্ঠার উপরের দিকে তাকাই তাহলে File, Edit, View এই শব্দগুলো দেখতে পাব। মাউসটি File–এ নিয়ে ক্লিক করলে একটা মেনু খুলে যাবে। সেখানে অনেক শব্দ থাকবে। তাদের মধ্য থেকে Save শব্দটি বেছে নিয়ে ক্লিক করলে ওয়ার্ড প্রসেসর তার সাদা পৃষ্ঠায় যা কিছু লেখা আছে তা Save করতে শুরু করবে। যখন কোনো লেখা Save করা হয় তাকে File বলে। File যেকোনো একটা নাম দিয়ে Save করতে হয়। ওয়ার্ড প্রসেসর লেখা Save করার কাজটি শেষ করার জন্য একটা নাম চাইবে। File এর নাম টাইপ করে Ok লেখায় ক্লিক করলে ফাইলটি কম্পিউটারের হার্ডডিস্ক ড্রাইভে Save হয়ে যাবে।

**প্রশ্ন– ৭ ▶ তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে ওয়ার্ড প্রসেসিং এর গুরুত্ব লেখ।**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে ওয়ার্ড প্রসেসিং এর গুরুত্ব অপরিসীম। কেননা তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রধান যন্ত্রপাতিগুলোতে এখন ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে ওয়ার্ড প্রসেসিং কাজ করা হচ্ছে। নিচে ওয়ার্ড প্রসেসিং এর গুরুত্ব ব্যাখ্যা করা হলো :

১. লেখালেখি, রিপোর্টিং, গবেষণাপত্র প্রভৃতিতে ওয়ার্ড প্রসেসিং গুরুত্বপূর্ণ।
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিকাশে সহায়ক বইপত্র, ম্যাগাজিন প্রভৃতি প্রকাশে ওয়ার্ড প্রসেসিং এর বিকল্প নেই।
৩. ওয়ার্ড প্রসেসিং মানুষের লেখালেখি ও উপস্থাপনা সংক্রান্ত সময় বাঁচিয়ে দিচ্ছে। ফলে মানুষ অন্য ক্ষেত্রগুলোতে বেশি সময় দিতে পারছে।
৪. ই–মেইল, ইন্টারনেট ব্যবহার করে তথ্য আদানপ্রদান, মাল্টিমিডিয়ার মাধ্যমে তথ্য উপস্থাপন প্রভৃতি ক্ষেত্রেও ওয়ার্ড প্রসেসিং ব্যবহৃত হচ্ছে।
৫. তথ্যকে ডিজিটাল উপায়ে উপস্থাপন ও সংরক্ষণের কাজে ওয়ার্ড প্রসেসিং এর অবদান অনেক।

**প্রশ্ন– ৮ ▶ লেখালেখির সাথে ওয়ার্ড প্রসেসরের দ্বিতীয় বড় পার্থক্য কোনটি? ব্যাখ্যা কর।**

**উত্তর :** লেখালেখির সাথে ওয়ার্ড প্রসেসরের দ্বিতীয় বড় পার্থক্যটি হচ্ছে সংরক্ষণ। হাতে লেখা কাগজ সংরক্ষণ করা বেশ কঠিন কাজ। কারণ লেখা কাগজটি কোথায় রাখা হয়েছে তা অনেক সময় মনে থাকে না। ফলে দরকারের সময় খুঁজে পাওয়া যায় না। আবার খুঁজে পাওয়া গেলেও হয়তো দেখা যায় উইপোকা খেয়ে ফেলেছে। ওয়ার্ড প্রসেসরে এগুলোর কোনো ভয় নেই। কারণ ওয়ার্ড প্রসেসরে লেখালেখি করার পর তা একটা ফাইল হিসেবে হার্ডড্রাইভে রেখে দেওয়া যায়। দরকার হলে পেন ড্রাইভে বা সিডিতে কপি করে রাখা যায়। আরও বেশি সাবধানতা অবলম্বন করতে চাইলে অন্য কারো কম্পিউটারে বাঁচিয়ে রাখা যায়। তাই ওয়ার্ড প্রসেসরে লেখা মুছে যাওয়া, নষ্ট হয়ে যাওয়া বা হারিয়ে যাওয়ার কোনো ভয় নেই। এখানে স্থায়ীভাবে গোপনীয়তা রক্ষা করে যেকোনো লেখা দীর্ঘদিন সংরক্ষণ করা সম্ভব।

**প্রশ্ন– ৯ ▶ আইকন অর্থ কী? শিক্ষার্থীদের কেন সহজে ওয়ার্ড প্রসেসরের ব্যবহার শেখানো যায়?** [ময়মনসিংহ জিলা স্কুল]

**উত্তর :** আইকন অর্থ হচ্ছে ছোট একটা ছবি।

ওয়ার্ড পসেসর হচ্ছে লেখালেখির কাজের জন্য ব্যবহৃত একটি অ্যাপ্লিকেশন সফটওয়্যার। শিক্ষার্থীদের এই সফটওয়্যারটির ব্যবহার খুব সহজে শেখানো যায়। কারণ :

১. সব ওয়ার্ড প্রসেসরই মোটামুটি একই রকম।
২. অল্প বয়সি শিক্ষার্থীদের কম্পিউটারের ব্যবহার সম্পর্কে বিচিত্র দক্ষতা থাকে। তাই বড়রা যে বিষয়গুলো বুঝতে পারে না বা যে কাজগুলো করতে পারে না স্কুলগামী ছেলেমেয়েরা সেগুলো চট করে ধরে ফেলে।

**প্রশ্ন– ১০ ▸ মাইক্রোসফট ওয়ার্ড কী? ওয়ার্ড প্রসেসর নামটির যথার্থতা বুঝিয়ে লেখ।**

**উত্তর :** মাইক্রোসফট ওয়ার্ড হচ্ছে লেখালেখির কাজের জন্য মাইক্রোসফট কোম্পানির তৈরি একটি অ্যাপ্লিকেশন সফটওয়্যার।

**ওয়ার্ড পসেসর নামটির যথার্থতা :** ওয়ার্ড প্রসেসর শব্দটি এসেছে ওয়ার্ড প্রসেসিং থেকে। লেখালেখির কাজে শব্দ বা ওয়ার্ড লিখতে হয়, সুন্দর করে লিখতে হলে শব্দগুলো সাজাতে গোছাতে হয়, যা এক ধরনের প্রক্রিয়া। ইংরেজিতে প্রসেসিং দুটি মিলে হয় ওয়ার্ড প্রসেসিং। আর যে সফটওয়্যার ওয়ার্ড প্রসেসিং করে সেটা হচ্ছে ওয়ার্ড প্রসেসর।